কুষ্টিয়ায় জনপ্রিয় হচ্ছে রাইস ট্রান্সপ্লান্টারে ধানের চারা রোপণ

কুষ্টিয়া অঞ্চলের কৃষকদের মাঝে ব্যাপক জনপ্রিয় হয়ে উঠেছে ‘রাইস ট্রান্সপ্লান্টার’র মাধ্যমে ধানের চারা রোপণ। এ যন্ত্র দিয়ে রোপণ করা হচ্ছে ধানের চারা। এতে সাশ্রয় হচ্ছে সময় ও অর্থের, কমছে উৎপাদন খরচ আর অধিক লাভবান হচ্ছেন চাষীরা। কৃষিবান্ধব এই যন্ত্রটির মাধ্যমে অল্প সময়ের মধ্যে বেশি জমিতে ধান রোপণ করা সম্ভব হয়।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় কুষ্টিয়ার চাষীরা ‘রাইস ট্রান্সপ্লান্টার’ যন্ত্রের মাধ্যমে ধান রোপণ করছেন এবং পাকা ধান কম্বাইন্ড হারভেস্টর দিয়ে কাটছেন। এতে অধিক লাভবান হচ্ছেন চাষীরা।

রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে একজন শ্রমিক দিনে ৩ থেকে ৪একর জমিতে ধানের চারা রোপণ করতে পারেন। এতে সাশ্রয় হয় সময় ও অর্থের।

কৃষি বিভাগ সূত্র জানায়, এই যন্ত্র দিয়ে একসঙ্গে ৬ লাইনে ধানের চারা রোপণ করা যায়। ধানের চারা রোপণে যন্ত্রটি ব্যবহার করলে রোপণ খরচ ৫০ ভাগ কমানো সম্ভব। সনাতন পদ্ধতিতে এক বিঘা জমিতে ধানের চারা রোপণ করতে কমপক্ষে চারজন শ্রমিককে কাজ করতে হয়। এতে খরচ হয় কমপক্ষে ২ হাজার থেকে ২৫শ টাকা। আর রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে এক বিঘা জমিতে ধান রোপণ করতে খরচ হয় ৫ শ থেকে ৭শ টাকা। এছাড়া রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে চারা রোপণ করলে লাইন সোজা হয়। ফলে পরবর্তীতে আগাছা দমন, সার ও কীটনাশক ছিটানো ও ধান কাটা সহজ হয়। এ পদ্ধতিতে কৃষকেরা অধিক লাভবান হচ্ছেন।

বুধবার বিকালে মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের বলিদাপাড়া ব্লকের গৌড়দহ গ্রামে কৃষক সুরমান আলীর জমিতে রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্রের সাহায্যে ধানের চারা (বিআর২৩) রোপণ করা হয়।

প্রধান অতিথি হিসেবে এ রোপণ কাজের উদ্বোধন করেন মিরপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) লিংকন বিশ্বাস।

এ সময় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ, এসএপিপিও মোঃ ফরহাদ শরীফ ও বারুইপাড়া ইউনিয়নের উপসহকারী কৃষি অফিসার মোঃ মাহিরুল ইসলাম, মোঃ গোলাম হোসেন এবং মোছাঃ জান্নাতুল ফেরদৌস সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে রোপা আমন ধানের চারা রোপণ উদ্বোধনকালে ইউএনও লিংকন বিশ্বাস বলেন, সরকার কৃষিতে যান্ত্রিকীকরণের উদ্যোগ নিয়েছে। মেশিনের মাথ্যমে ধান রোপণ ও মাড়াই হলে চাষীরা অধিক লাভবান হবেন। আর মেশিন ক্রয়ে সরকার চাষীদের আর্থিক সহায়তা করছে।

তিনি কৃষকদের উদ্দেশ্যে বলেন, বর্তমান কৃষিবান্ধব সরকার কৃষকের পাশে থেকে কাজ করে যাচ্ছে। বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের বিনামূল্যে ধানের চারা, সার, বীজ দিয়ে সহযোগিতা করছে। সরকার কৃষকের উৎপাদন খরচ কমাতে কৃষিকে যান্ত্রিকীকরণ করছে। আর এসব যন্ত্র ক্রয়ে সরকার কৃষককে আর্থিকভাবে সহযোগিতা করছে। ফলে কৃষক অধিক লাভবান হচ্ছেন।

মিরপুর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ বলেন, আগামীর কৃষি মানেই যন্ত্রনির্ভর কৃষি। যন্ত্রের মাধ্যমে ধানের চারা রোপণের ব্যবস্থা করেছি। এর মূল কারণ হচ্ছে অল্প সময়ে অধিক জমিতে চারা রোপণ করা। উৎপাদন খরচও কমে যাবে, কৃষক লাভবান হবে।

আরেক কৃষক পল্টু বিশ্বাস বলেন, সনাতন পদ্ধতিতে এক বিঘা (৩৩শতাংশ) জমির ধার রোপণ করতে আমাদের ২ হাজার থেকে ২৫শ টাকা খরচ হয়। আর রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে রোপণ করলে মাত্র ৫শ টাকা থেকে ৭টাকা খরচ হয়। মেশিন দিয়ে ধান রোপণ করলে আমাদের উৎপাদন খরচ কম হয়। কৃষিকে যান্ত্রিকীকরণ করতে হলে সরকারকে আরও বেশি সহযোগিতা করার দাবি জানান তিনি।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুষ্টিয়ার উপপরিচালক কৃষিবিদ ড. শ্যামল কুমার বিশ্বাস বলেন, রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে রোপা আমন ধান চাষ কুষ্টিয়ায় জনপ্রিয় হচ্ছে। চলতি মৌসুমে এই অঞ্চলে ১০০ হেক্টর জমিতে রাইস ট্রান্স প্লান্টার দিয়ে ধান রোপণ করতে সক্ষম হয়েছি। কৃষি যান্ত্রিকীকরণ পদ্ধতি কৃষকের মাঝে দিন দিন জনপ্রিয় হয়ে উঠছে। রাইস ট্রান্স প্লান্টার মেশিন, কম্বাইন্ড হারভেস্টার মেশিন ক্রয়ে সরকার কৃষকদের সহযোগিতা করছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জেলা প্রশাসক ড. মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্যে দেন ভূমি মন্ত্রণালয়ের সচিব মাকসুদুর রহমান পাটোয়ারী, খুলনা বিভাগীয় কমিশনার ড. আনোয়ার হোসেন হাওলাদার।

ভূমি সচিব বলেন, ভুমি অফিসে কোন দালাল থাকবে না। দালাল রোধে জন্য মোবাইল কোর্ট আছে। দালালের বিরুদ্ধে কঠিন ব্যবস্থা নেওয়া হবে। মেহেরপুরসহ সারাদেশের খতিয়ান আমরা অনলাইনে দিয়ে দিয়েছে। যাতে জমির মালিকরা যে কোন যায়গাতে বসেই তার জমির মালিকানা বুঝতে পারে। পরচা তুলতে আগে মিনিমাম সাত দিন লাগতো এখন সেটা একদিনেই সম্ভব।

অন্যদের মধ্যে বক্তব্য জেলা রাজস্ব নিয়ে আলোচনা করেন অতিরিক্ত জেলা প্রশাসক সাইদুর রহমান, আরডিসি রাকিবুল ইসলাম, জেলা জজ কোটের জিপি শাজাহান আলী, পিপি পল্লব ভট্টাচার্য, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন কর্মকার, সদর এসি ল্যান্ড মো: মাইন উদ্দিন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন প্রমুখ।

অনুষ্ঠান শেষে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ভ’মি সেবা সহজিকরণ কার্যক্রমের উদ্বোধন ঘোষনা করেন।

কুষ্টিয়ার কুমারখালীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

কুমারখালীর গন্নাথপুর ইউনিয়নের দরামপুর গ্ৰামের আহম্মদ ডাক্তার এর ছেলে তৃষাণ (৭) নামে একটি ছেলে মাছ ধরতে গিয়ে পানিতে ডুবে মৃত্যু হয়েছে।

আজ বুধবার দুপুরে বন্ধুদের সাথে নিয়ে দয়ারামপুর শ্মশানের পাশে মাছ ধরতে যায় তৃষাণ। হঠাৎ নদীর পানিতে পড়ে যায়।

এই সময় তার সাথে থাকা বন্ধুদের চিৎকারে আশপাশের লোকজন এসে প্রায়

১ ঘন্টা খোঁজাখুঁজি করে তৃষাণ কে উদ্ধার করে কুমারখালী স্বাস্থ্য কমপ্লেক্সে আনলে কর্তব্যরত চিকিৎসক তৃষাণ কে মৃত্যু বলে ঘোষণা করেন।

এই সংবাদে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

হতাহতের পরিবারকে ৫ লাখ টাকা করে দিতে তিতাসকে নির্দেশ

নারায়ণগঞ্জে মসজিদে গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণে দগ্ধ ৩৭ জনের পরিবারকে জরুরি প্রয়োজন বিবেচনায় পাঁচ লাখ টাকা করে দিতে তিতাস গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

আদালতের আদেশ পাওয়ার সাত দিনের মধ্যে এ টাকা দিতে বলা হয়েছে। নারায়ণগঞ্জের ডিসিকে ভুক্তোভোগীদের মাঝে এ টাকা বিতরণ করতে বলেছেন আদালত।

এ সংক্রান্ত একটি রিটের শুনানি নিয়ে বুধবার বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি মো. খায়রুল আলমের হাইকোর্ট বেঞ্চ বুধবার রুলসহ এ আদেশ দেন।

দগ্ধ ৩৭ জনের পরিবারকে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে কেন নির্দেশ দেওয়া হবে না, জানতে চাওয়া হয়েছে রুলে।

সুপ্রিম কোর্টের আইনজীবী মার-ই-য়াম খন্দকার সোমবার জনস্বার্থে এ রিট আবেদন করেছিলেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী তৈমুর আলম খন্দকার। রাষ্ট্রপক্ষে শুনানি করেন অতিরিক্তি অ্যাটর্নি জেনারেল মুরাদ রেজা ও ডেপুটি অ্যাটর্নি জেনারেল নূর-উস সাদিক।

প্রসঙ্গত, গত শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে নারায়ণগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে বিকট শব্দে বিস্ফোরণ ঘটে। এতে অর্ধশতাধিক মুসল্লি দগ্ধ হন।

দগ্ধ ব্যক্তিদের মধ্যে ৩৭ জনকে গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তাদের মধ্যে ২৮ জনের মৃত্যু হয়েছে। চিকিৎসাধীন আরও ৮ জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানান চিকিৎসকরা।

নেত্রকোনার গুমাই নদীতে নৌকাডুবি, ৯ লাশ উদ্ধার

নেত্রকোনার কমলাকান্দা উপজেলার গুমাই নদীতে বালুভর্তি নৌকার সঙ্গে সংঘর্ষে যাত্রীবোঝাই নৌকাডুবির ঘটনা ঘটেছে। এতে ৯ জনের মরদেহ উদ্ধার করা হলেও এখনও নিখোঁজ রয়েছেন ২৬ জন।

বুধবার বেলা ১১টার দিকে উপজেলার রাজনগর এলাকায় গুমাই নদীতে এ নৌকাডুবির ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে হতাহতদের পরিচয় জানা যায়নি।

বোড়কাপন ইউনিয়নের চেয়ারম্যান একেএম হাদিছুজ্জামান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, ৩৫ যাত্রী নিয়ে নৌকাটি ধর্মপাশা উপজেলার মধ্যনগর থেকে নেত্রকোনার কাকড়গোনা এলাকায় যাচ্ছিল।

বেলা ১১টার দিকে উপজেলার রাজনগর এলাকায় গুমাই নদীতে বালুবাহী নৌকার সঙ্গে সংঘর্ষ ঘটলে যাত্রীবোঝাই নৌকাটি ডুবে যায়। ঘটনার পরই স্থানীয়রা ৯ জনের মরদেহ উদ্ধার করেছেন। এখনও নিখোঁজ রয়েছেন ২৬ জন।

নেত্রকোনা জেলা প্রশাসক কাজী আবদুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, ঘটনার পরই স্থানীয়রা ৯ জনের মরদেহ উদ্ধার করেছেন। এখনও নিখোঁজ রয়েছেন অনেকেই। জেলা ফায়ার সাভিসের ডুবুরি দলকে খবর দেয়া হয়েছে।

সূত্র- যুগান্তর

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted]

গঠিত হয়। যাদের মধ্যে ২৭ জনই প্রথমবারের মতো মন্ত্রিসভায় স্থান পান।

মন্ত্রিসভায় প্রথম পরিবর্তন হয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী মুরাদ হাসানকে চার মাসের মাথায় তথ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী করার মধ্য দিয়ে। এরপর ১২ জুলাই ইমরান আহমেদকে প্রতিমন্ত্রী থেকে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রী এবং ফজিলাতুন নেসাকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নতুন প্রতিমন্ত্রী হিসেবে নিযুক্ত করা হয়। সর্বশেষ গত ফেব্রুয়ারি মাসে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী শ ম রেজাউল করিমকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়। সমাজকল্যাণ প্রতিমন্ত্রী শরীফ আহমেদকে গণপূর্তের প্রতিমন্ত্রী করা হয়। মৎস্য প্রতিমন্ত্রী আশরাফ আলী খানকে সমাজকল্যাণ প্রতিমন্ত্রী করা হয়।

উল্লেখ্য যে, সংবিধান অনুযায়ী মন্ত্রিসভার গঠন এবং এর রদবদল করার একক এখতিয়ার একমাত্র প্রধানমন্ত্রীর। প্রধানমন্ত্রী যখন বিবেচনা করবেন, তখনই তিনি মন্ত্রিসভায় রদবদল করতে বলবেন। তবে সাম্প্রতিক সময়ে আওয়ামী লীগের মধ্যে থেকেই মন্ত্রিসভার রদবদলের জন্যে এক ধরণের আকাঙ্ক্ষা তৈরি হয়েছে এবং এই নিয়ে আওয়ামী লীগের মধ্যে গুঞ্জনও কম নেই।

সর্বোচ্চ গোলের রেকর্ড গড়লেন রামোস!

ডিফেন্ডার হিসেবে আন্তর্জাতিক ফুটবলে সর্বোচ্চ গোলের রেকর্ড ভেঙে নতুন রেকর্ড গড়েছেন স্পেন ফুটবল দলের অধিনায়ক সার্জিও রামোস। তার এই গোলের রেকর্ডটি ডিফেন্ডারদের মধ্যে।

রবিবার রাতে ইউক্রেনের বিপক্ষে জোড়া গোল করেছিলেন রামোস। সেই জোড়া গোল দিয়ে ডিফেন্ডার হিসেবে আন্তর্জাতিক ফুটবলে সর্বোচ্চ গোলের রেকর্ড গড়েন তিনি।

উয়েফা নেশন্স লিগে ইউক্রেনের বিপক্ষে ম্যাচের ৩ মিনিটে পেনাল্টি

থেকে একটি গোল করেন তিনি। এরপর ২৯ মিনিটের সময় দুর্দান্ত এক হেডে আরেকটি গোল করেন তিনি।

প্রথম গোল করে আর্জেন্টিনার বিখ্যাত ডিফেন্ডার ড্যানিয়েল পাসারেলার ২২ গোলের রেকর্ড স্পর্শ করেন রামোস। এরপর ২৯ মিনিটে হেড থেকে গোল করে ছাড়িয়ে যান পাসারেলাকে। ২৩তম গোল করে সৃষ্টি করেন আন্তর্জাতিক ফুটবলে একজন ডিফেন্ডার হিসেবে সর্বোচ্চ গোল করার রেকর্ড।

রামোস যে রেকর্ডটি গড়েছেন সে জন্য তাকে ১৭২টি আন্তর্জাতিক ম্যাচ খেলতে হয়েছে। অন্যদিকে আর্জেন্টিনার হয়ে ১৯৭৮ সালে বিশ্বকাপ জেতা ডিফেন্ডার ড্যানিয়েল পাসারেলা ২২ গোল করেছেন কেবল ৭০টি ম্যাচ খেলে।

স্পেনের সর্বোচ্চ গোলদাতার তালিকায় আট নম্বরে উঠে এসেছেন ৩৪ বছর বয়সী এই ফুটবলার, বসেছেন কিংবদন্তি আলফ্রেদো দি স্তেফানোর পাশে।

ক্লাব ফুটবলেও রামোসের নামের পাশে বেশ কিছু গোল রয়েছে। সেভিয়া (২০০৩-২০০৬) এবং রিয়াল মাদ্রিদের (২০০৬ থেকে এখনও পর্যন্ত) হয়ে মোট ৭২৬ ম্যাচ খেলে গোল করেছেন ১০২টি।

ডিফেন্ডার হিসেবে লা লিগায়ও সর্বোচ্চ গোলের রেকর্ড রামোসের। গত জুনে রোনাল্ড কুমানের ৬৭ গোলের রেকর্ড টপকে যান রিয়াল মাদ্রিদ অধিনায়ক।

সূত্র- বিডি-প্রতিদিন

উত্তেজনা চরমে, আবারও রড নিয়ে ভারতীয় সীমান্তের কাছে চীনা

বাহিনী

ভারতের সঙ্গে প্রায় ৪ হাজার ৩৮৮ কিলোমিটার এলাকাজুড়ে সীমানা রয়েছে চীনের। তাই সীমান্ত বিবাদ নিয়ে বহুবার সংঘর্ষে জড়িয়েছে এই দুই দেশ। সম্প্রতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে সীমান্ত। লাদাখের মুখপারি এলাকার রাজাংলায় সোমবার ভারতীয় সেনাদের অবস্থান লক্ষ্য করে হাতে রড, বর্শা ও লাঠি নিয়ে এগুনোর চেষ্টা করেছিল চীনা সেনারা। মঙ্গলবার ভারতের সরকারি সূত্রের বরাত দিয়ে দ্য হিন্দু এ তথ্য জানিয়েছে।

ভারতের দাবি, সোমবার সন্ধ্যায় চীনের পিপলস লিবারেশন আর্মির ৫০ থেকে ৬০ জন সদস্য লাদাখের ব্যাংহং হুনানে প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) পেরিয়ে ভারতের দখলে থাকা একটি পাহাড়ের চূড়া দখলের চেষ্টা করে। এসময় ফাঁকা গুলি চালায় চীনের বাহিনী। এর জবাবে সতর্কতামূলক গুলি চালায় ভারতীয় সেনাবাহিনীও।

সময়মতো দু’পক্ষেরই উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। চীন অবশ্য দাবি করেছে, ভারতীয় সেনারা একতরফাভাবে এলএসি অতিক্রম করে ও গুলি ছোড়ে।

ভারতীয় সূত্র জানিয়েছে, হামলার সময় চীনা সেনাদের হাতে রড, বর্শা, লাঠি ও ধারালো অস্ত্র ছিল।

এ ব্যাপারে চীনের কোনো মন্তব্য পাওয়া যায়নি।

সূত্র- বিডি প্রতিদিন